



ইবনে সিনা হাসপাতাল সিলেট লিমিটেড কর্তৃক আয়োজিত 'রিয়েল টাইম পি.সি.আর' বিষয়ক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন সিলেট সিটি কর্পোরেশনের মেয়র আরিফুল হক চৌধুরী।

❦ ইবনে সিনা হাসপাতালে স্বল্প খরচে
চিকিৎসা সেবা পাওয়া যায় এই
খবর বহির্বিশ্বে ছড়িয়ে দিতে হবে ❦

————— সিসিক মেয়র আরিফুল হক চৌধুরী

ইবনে সিনা হাসপাতাল সিলেট লিঃ-এর ভূয়সী প্রশংসা করে সিলেট সিটি কর্পোরেশনের মেয়র আরিফুল হক চৌধুরী বলেছেন, এই হাসপাতালে গরীব রোগীর স্বল্প খরচে চিকিৎসা সেবা দেয়া হয় এই খবর ছড়িয়ে দিতে হবে দেশের জনগণের কাছে, ছড়িয়ে দিতে হবে বহির্বিশ্বে। তিনি বলেন, রোগীরা ঢাকায় না গিয়ে যাতে সিলেটে চিকিৎসা সেবা গ্রহণ করতে পারে সে সুযোগ সুবিধা নিশ্চিত করেছে এই হাসপাতাল পিসিআর পরীক্ষা চালুর মাধ্যমে। এ জন্য নিঃসন্দেহে সিলেট বাসীর জন্য আজ গর্বের দিন, খুশির দিন। তিনি হত দরিদ্র রোগীদের প্রতি আরো যত্নশীল হওয়ার জন্য হাসপাতাল কর্তৃপক্ষকে অনুরোধ করেন। মেয়র বলেন, দক্ষ চিকিৎসক ও টেকনোলজিস্ট এর বিকল্প নেই। এই হাসপাতাল প্রতিষ্ঠা লগ্ন থেকে অভিজ্ঞ চিকিৎসক ও দক্ষ টেকনোলজিস্ট দ্বারা পরিচালিত হচ্ছে। এই সুনামের ধারা অব্যাহত রাখতে হবে।

গতকাল মঙ্গলবার সিলেটের একটি অভিজাত হোটেলে রিয়েল টাইম পিসিআর বিষয়ক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি উপরোক্ত কথা বলেন। হাসপাতাল ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান মাওলানা হাবিবুর রহমানের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ভারতের বিখ্যাত মলবায়ো ডায়াগনোস্টিকের এশিয়া প্যাসিফিক রিজনের বিজনেস ম্যানেজার ডাঃ পল্লব সাহা এবং গ্লোবাল বিজনেস ম্যানেজার মি. সুমিত মিত্র। তিনি আরো বলেন, সিলেট বাসীর কল্যাণে ইবনে সিনা হাসপাতাল এই ধরনের সেমিনার যেন আরো আয়োজন করে। ইবনে সিনা হাসপাতাল সিলেটে এই প্রথম সর্বাধুনিক রিয়েল টাইম পিসিআর ল্যাবরেটরী চালু করেছে। এটি সিলেট বাসীর চিকিৎসায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি ডেপু জুরে আক্রান্ত হয়ে হবিগঞ্জের সিভিল সার্জনের মৃত্যুতে শোক প্রকাশ, করে বলেন, আমাদের চিকিৎসকবৃন্দ এ ক্ষেত্রে আরো যত্নশীল হবেন। মূল প্রবন্ধ উপস্থাপন কালে ডাঃ পল্লব সাহা এই টেস্টের সাইন্টিফিক বিভিন্ন কার্যকারীতা ব্যাখ্যা করে বলেন, উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে রিয়েল টাইম পিসিআর ল্যাবরেটরীতে ডিএনএ ও আরএনএ এর মাধ্যমে রোগ নির্ণয়ে এটি একটি নির্ভরযোগ্য পদ্ধতি। হেপাটাইটিস বি ও সি, হাড়ের ক্ষয় (স্পন্ডাইলাইটিস) ও যক্ষা নিরূপনের জন্য এইচবিভি- ডিএনএ, এইচসিভি- আরএনএ, এইচএলএ- বি ২৭ এবং এমটিবি- ডিএনএ পরীক্ষাগুলো মাত্র ১২ ঘন্টায় কনফারমেটিভ রিপোর্ট পাওয়া যাবে।

সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন ইবনে সিনা ট্রাস্টের হেড অব মার্কেটিং ও জেনারেল ম্যানেজার এ.এন.এম তাজুল ইসলাম। তিনি বলেন, রিয়েল টাইম পিসিআর সিলেটে প্রথম বারের মতো চালু করলো ইবনে সিনা হাসপাতাল সিলেট লিঃ। সকল সুযোগ সুবিধা দিয়ে সিলেটবাসীর চিকিৎসা সেবা নিশ্চিত করা হবে ইনশাআল্লাহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- হাসপাতালের পরিচালক ডাঃ মোদাক্কির হোসেইন, অধ্যাপক আব্দুল হান্নান, আব্দুল কাদের খান, ডি.এম.এস কর্ণেল ডাঃ রুকনুল ইসলাম চৌধুরী (অবঃ)। সিলেট উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ইসমাঈল পাটোয়ারী, একই কলেজের সাবেক অধ্যক্ষ ডাঃ রেজাউল করিম। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অধ্যাপক ডাঃ পার্থ সারথী

সোম, অধ্যাপক ডাঃ ডি হাসান চৌধুরী, সিলেট জেলা বারের সাবেক সভাপতি এডভোকেট এমাদুল্লাহ শহীদুল ইসলাম শাহিন, সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি-এর পরিচালক এহতেশামুল হক চৌধুরী, সিলেট প্রেসক্লাবের সাবেক সভাপতি মুকতাবিস-উন-নূর, সাবেক সভাপতি আফতাব চৌধুরী।

সভাপতির বক্তব্যে মাওলানা হাবিবুর রহমান বলেন, এই সেমিনারে চিকিৎসক, আইনজীবী, সাংবাদিক এবং সিলেটের বিশিষ্টজনেরা উপস্থিত হয়ে আমাদেরকে যেভাবে উৎসাহিত করেছেন আমরা তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। তিনি আগামী দিনে এই হাসপাতালের সকল কার্যক্রমে উপস্থিত সুধীজনদের সহযোগিতা কামনা করেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন- অধ্যাপক ডাঃ জামাল আহমদ চৌধুরী, অধ্যাপক ডাঃ শফিকুর রহমান, অধ্যাপক ডাঃ সৈয়দ মামুন মোহাম্মদ, অধ্যাপক ডাঃ জাহানারা বেগম, অধ্যাপক ডাঃ আলমগীর সাফাওয়াত, ডাঃ নুরুদ্দিন আহমদ, ডাঃ সাইফুল ইসলাম, ডাঃ মোঃ মাস্টিন উদ্দিন, ডাঃ গুলজার আহমদ, ডাঃ মোঃ অলিউর রহমান, ডাঃ ইকবাল আহমদ চৌধুরী, সি.এম.ও মেজর ডাঃ আব্দুস সালাম চৌধুরী (অবঃ), ম্যানেজার (এডমিন) মোঃ তারিকুল ইসলাম, ম্যানেজার (মার্কেটিং) মোহাম্মদ ওবায়দুল হক সহ অনুষ্ঠানে সিলেটের বিভিন্ন মেডিকেল কলেজ ও হাসপাতালের দুই শতাধিক কনসালটেন্ট ও ডাক্তার, বিভিন্ন ক্লিনিক, ডায়াগনোস্টিক ও হাসপাতালের পরিচালক, ব্যবস্থাপক, প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিক, বিভিন্ন পেশাজীবী সংগঠনের গুরুত্বপূর্ণ ব্যক্তিগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন ডাঃ উম্মে হানি বুশরা।

#বার্তা প্রেরক

মোহাম্মদ ওবায়দুল হক

ম্যানেজার (মার্কেটিং)

ইবনে সিনা হাসপাতাল সিলেট লিঃ